গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

খাদ্য অধিদপ্তরের সহযোগীতায় অভ্যন্তরীণ ভাবে সিলেট বিভাগে ১.২৪ লাখ মে.টন ধান ও চাল সংগৃহীত হয়েছে। ফলে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। ক্রমাগতভাবে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি পাওয়ায় বাইরে থেকে চাল আমদানি কমে আসছে। ভয়াবহ অকাল বন্যায় বিগত তিনটি বছর ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হওয়ার পরও যথাযথ উদ্যোগ গ্রহণের ফলে বিগত ৩ বছরে গড়ে প্রায় ০.৬৪ লাখ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে। কৃষকদের প্রণোদনা প্রদানের মাধ্যমে ৫৯.৮৮ হাজার মেট্রিক টন ধান ক্রয় করা সম্ভব হয়েছে এবং কৃষকের ব্যাংক একাউন্টে ধানের মূল্য সরাসরি পরিশোধ করা হয়েছে। এছাড়া গড়ে প্রায় ১.৪৬লাখ মে.টন খাদ্যশস্য (চাল ও গম) সামাজিক উন্নয়নমূলক খাতসহ বিভিন্ন খাতে বিতরণ করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক খাদ্যবান্ধব কর্মসূচি গৃহীত হয়েছে, এই কর্মসূচির মাধ্যমে বিভাগের প্রায় ২,৪৮,৪২০টি পরিবারকে বছরের ৫ মাস কর্মভাবকালীন সময়ে প্রতি কেজি চাল মাত্র ১৫টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। ১.০৫ লাখ ধারণ ক্ষমতার নতুন গুদাম নির্মাণ প্রকল্পের আওতায় বিভাগের ৩২টি এল.এস.ডিতে নতুন গুদাম নির্মান করা হয়েছে। এতে বিভাগের ধারণ ক্ষমতা সর্বমোট প্রায় ৭৮.০০হাজার মেঃটন বৃদ্ধি পেয়েছে। আধুনিক খাদ্যশস্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের আওতায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় এবং এল.এস.ডিতে পর্যাপ্ত সংখ্যক কম্পিউটার সামগ্রি ও সিসি ক্যামেরা সরবরাহ করা হয়েছে এবং ০১টি Food Testing Lab নির্মাণ করা হয়েছে। "সারা দেশে ক্ষতিগ্রস্ত খাদ্য গুদাম মেরামত ও নতুন অবকাঠামো নির্মাণ" প্রকল্পের আওতায় ১৪টি এল.এস.ডি মেরামত করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণ, অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনাসহ নারী ও শিশুবান্ধব, জলবায়ু সহিষ্ণু খাদ্য নিরাপত্তা মজুত ও বিতরণে কর্মসূচী গ্রহণ, দুঃস্থ জনগোষ্ঠির জন্য বিশেষ খাদ্য সহায়তা কর্মসূচীর আওতা সম্প্রসারণ। খাদ্য অধিদপ্তরের কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে গৃহীত 'মডার্ণ ফুড' প্রকল্পের কাজ ২০২৩ সালের মধ্যে সমাপ্ত করণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বিভাগের খাদ্যশস্য সংরক্ষণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সিলেট জেলাধীন দক্ষিণ সুরমা উপজেলায় ২০(বিশ) হাজার মেট্রিক টনের ধারণ ক্ষমতা সম্পন্ন ০১(এক) সিএসডি নির্মাণের ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২০২৪ সালের মধ্যে সিএসডি'টি নির্মাণ করার মাধ্যমে বিভাগের ধারণ ক্ষমতা ১.০০লক্ষ মেট্রিক টনে উন্নীতকরণ। অব্যাহত প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিকরণ। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভূক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে তৈরী পোষাক শিল্প, ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারী, গ্রামীণ দুঃস্থ নারী, স্বল্প আয়ের বৃহৎশিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ ব্যবস্থা সময়োপযোগী করা, খাদ্যবান্ধব কর্মসূচির পরিধি সম্প্রসারণ করা এবং ২০২৫ সালের মধ্যে দেশের সকল উপজেলায় পুষ্টিচাল বিতরণ কার্যক্রম সম্প্রসারণ করা। সরকারি পর্যায়ে খাদ্যশস্য সংগ্রহ, বিতরণ কার্যক্রম ও অফিস ব্যবস্থাপনা ডিজিটাল সিস্টেম প্রবর্তণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মাত্র ১৫ টাকা কেজি দরে ২.৪৪ লাখ পরিবারের মধ্যে ০.৩২ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ;
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ০.৫০ লাখ মে.টন খাদ্যশস্য সংগ্রহ;
- বাজারমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্পমূল্যে খাদ্যশস্য বিরতণ কর্মসূচীতে ০.৩৬ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণের জন্য ওএমএস খাতে ০.৩০ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- গুদামের ধারণক্ষমতা ৭৮.০০ হাজার মেট্রিক টনে উন্নীতকরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ......জুন...... মাসের ......২৫...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য

**১.২ অভিলক্ষ্য (Mission)**

সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন, কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা

২. খাদ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ, খাদ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন ও খাদ্যনীতি বাস্তবায়ন;

৩. সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ এবং দরিদ্র বিশেষত নারী ও শিশুদের জন্য খাদ্য প্রাপ্তিতে অভিগম্যতা নিশ্চিতকরণ।

৪. খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ;

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থ সুদৃঢ়করণ;

২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা;

৩. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুদ, চলাচল ও বিতরণ ব্যবস্থাপনা;

৪. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও পুষ্টি সম্মৃদ্ধ খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ;

৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১১ | ১.১২ | ১.১৫ | ১.১৬ | ১.১৭ | কৃষি মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.১৩ | ১.১৩ | ১.১৪ | কৃষি মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | খাদ্যবান্ধব কর্মসূচিতে চালের মূল্য ও বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ৩.৭০ | ৪.০০ | ৪.১০ | ৪.২০ | ৪.২১ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য প্রাপ্তি | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৮১ | ১.১১ | ১.১২ | ১.১৩ | ১.১৪ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| | আটার ওএমএস মূল্য এবং খুচরা বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৫ | ০.৭৬ | ০.৮০ | ০.৮৫ | ০.৮৬ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| পুষ্টি পরিস্থিতির উন্নতি | অপুষ্টি হ্রাস | % | ১৪.৬০ | ১৪.৬১ | ১৪.৫০ | ১৪.৬০ | ১৪.৭০ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ডব্লিউএইচও/ এফপিএমইউ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন, কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা | ২৫ | [১.১] "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে ধান ক্রয় | [১.১.১] বাস্তবায়িত উপজেলা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ১৭ | ১৯ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২১ | ২২ |
| | | [১.২] বোরো, আমন ও গমের উৎপাদন তথ্য সংগ্রহ | [১.২.১] সংগৃহীত প্রতিবেদন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৩ | ৩ |
| | | [১.৩] মৌসুম ভিত্তিক সিদ্ধ/ আতপ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত প্রতিবেদন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ২ | ২ | ২ | ১ | ১ | ০ | ০ | ২ | ২ |
| | | [১.৪] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | [১.৪.১] বাস্তবায়িত উপজেলা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৬ | ৮ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১১ |
| | | [১.৫] ধান ও চাল সংগ্রহ | [১.৫.১] সংগৃহীত ধান ও চাল | ক্রমপুঞ্জিভূত | লাখ মে. টন | ৩ | ০.৭৭৪ | ০.৭০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.২৫ | ০.৪৫ | ০.৪৫ |
| | | [১.৬] বছর শেষে ন্যূনতম মজুত গড়ে তোলা | [১.৬.১] মজুদকৃত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মে. টন | ৩ | ০.৪৩২ | ০.৫৪ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০.২১ | ০.১৮ | ০.৩০ | ০.৩০ |
| | | [১.৭] খাদ্যশস্যের মাসিক প্রতিবেদন উদ্ধর্তন দপ্তরে প্রেরণ | [১.৭.১] মাসিক প্রতিবেদন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ১২ | ১০ | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] খাদ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ, খাদ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন ও খাদ্যনীতি বাস্তবায়ন; | ২০ | [২.১] নিজ অফিসের ওয়েব সাইট হালনাগাদ করন | [২.১.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ০ | ০ | ৯০ | ৮০ | ০ | ০ | ০ | ১০০ | ১০০ |
| | | [২.২] সীমার মধ্যে গুদাম ঘাটতি | [২.২.১] গুদাম ঘাটতি | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ০.২০৫ | ০.২০ | ০.৪২ | ০.৪৪ | ০.৪৬ | ০.৪৮ | ০.৫০ | ০.৪২ | ০.৪২ |
| | | [২.৩] সীমার মধ্যে পরিবহন ঘাটতি | [২.৩.১] পরিবহন ঘাটতি | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ০.১০৫ | ০.১০ | ০.১২১ | ০.১২২ | ০.১২৩ | ০.১২৪ | ০.১২৫ | ০.১২১ | ০.১২১ |
| | | [২.৪] কর্মকর্তা/ কর্মচারীগণের PIMS ডাটাবেইজ হালনাগাদকরণ | [২.৪.১] জনবলের তথ্য হালনাগাদকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৫ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৬০ | ৯০ | ৯০ |
| [৩] সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ এবং দরিদ্র বিশেষত নারী ও শিশুদের জন্য খাদ্য প্রাপ্তিতে অভিগম্যতা নিশ্চিতকরণ। | ১৫ | [৩.১] খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণ | [৩.১.১] বিতরণকৃত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃ টন | ৫ | ০.৩৬৮ | ০.৩২ | ০.৩২ | ০.৩১৫ | ০.৩১ | ০.৩০৫ | ০.৩০ | ০.৩৪ | ০.৩৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] ত্রাণমূলক খাতে (টিআর/ কাবিখা/ জিআর/ ভিজিএফ ইত্যাদি) খাদ্যশস্য সরবরাহ | [৩.২.১] সরবরাহকৃত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃ টন | ৫ | ০.৫৮ | ০.৪০ | ০.৩৬ | ০.৩৪ | ০.৩২ | ০.৩০ | ০.২৮ | ০.৩৬ | ০.৩৬ |
| | | [৩.৩] শ্রমবহুল এলাকায় (এলইআই) খাদ্যশস্য বিক্রয় (চা শ্রমিক ও অন্যান্য) | [৩.৩.১] বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | হাজার মেঃ টন | ৫ | ১২.৮০ | ১৩.১৪ | ১০.০০ | ০৯.০০ | ০৮.০০ | ০৭.০০ | ০৬.০০ | ১০.০০ | ১১.০০ |
| [৪] খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ; | ১০ | [৪.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় (ইপি) | [৪.১.১] বিতরণকৃত পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৩ | ০.১৭৪ | ১৪.০৮ | ০.১১ | ০.১০ | ০.০৯ | ০.০৮ | ০.০৭ | ০.১১ | ০.১২ |
| | | [৪.২] মাসিক বাজার দর প্রতিবেদন উদ্ধর্তন দপ্তরে প্রেরণ | [৪.২.১] বাজার দর প্রতিবেদন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ১২ | ১০ | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ১২ | ১২ |
| | | [৪.৩] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি | [৪.৩.১] বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃ টন | ২ | ০.৩৬ | ৩৫.৩৭ | ০.২০ | ০.১৮ | ০.১৬ | ০.১৪ | ০.১২ | ০.২০ | ০.২১ |
| | | [৪.৪] ভিজিডি খাতে খাদ্যশস্য সরবরাহ | [৪.৪.১] সরবরাহকৃত পরিমান | ক্রমপুঞ্জিভূত | লাখ মে:টন | ২ | ০.০৬৬ | ০.০৪ | ০.০৪ | ০.০৩৫ | ০.০৩ | ০.০২৫ | ০.০২২ | ০.০৫ | ০.০৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর হিসাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মোঃ মাইন উদ্দিন
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সিলেট বিভাগ, সিলেট।

২৫-০৬-২৩

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট

তারিখ

20-06-2023

মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | FAO | Food and Agriculture Organization |
| ২ | FIES | Food Insecurity Experience Scale |
| ৩ | FPMU | Food Planning and Monitoring Unit |
| ৪ | PIMS | Personnel Information Management System |
| ৫ | SDG | Sustainable Development Goals. |
| ৬ | এমআইএসএন্ডএম | ম্যানেজমেন্ট ইমফরমেশন সিস্টেম এন্ড মনিটরিং |
| ৭ | এলইআই | লার্জ এমপ্লয়ার্স ইন্ডাস্ট্রি |
| ৮ | এসডিজি | সাসটেইনেবল ডেভলপমেন্ট গোলস্ |
| ৯ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ১০ | ভিজিডি | ভালনারেবল গ্রুফ ডেভলপমেন্ট |
| ১১ | সিএসডি | সেন্ট্রাল স্টোরেজ ডিপো |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে ধান ক্রয় | [১.১.১] বাস্তবায়িত উপজেলা | মজুদ ও সংগ্রহ শাখা | খাদ্যশস্য সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম হতে প্রাপ্ত অনলাইন প্রতিবেদন |
| [১.২] বোরো, আমন ও গমের উৎপাদন তথ্য সংগ্রহ | [১.২.১] সংগৃহীত প্রতিবেদন | মজুদ ও সংগ্রহ শাখা | মৌসুম ভিত্তিক ৩ (তিন) টি প্রতিবেদন |
| [১.৩] মৌসুম ভিত্তিক সিদ্ধ/ আতপ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত প্রতিবেদন | মজুদ ও সংগ্রহ শাখা | মৌসুম ভিত্তিক ২টি প্রতিবেদন |
| [১.৪] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | [১.৪.১] বাস্তবায়িত উপজেলা | মজুদ ও সংগ্রহ শাখা | খাদ্যশস্য সংগ্রহ ব্যবস্থাপনা সিস্টেম হতে প্রাপ্ত অনলাইন প্রতিবেদন |
| [১.৫] ধান ও চাল সংগ্রহ | [১.৫.১] সংগৃহীত ধান ও চাল | মজুদ ও সংগ্রহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [১.৬] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | [১.৬.১] মজুদকৃত পরিমাণ | মজুদ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [১.৭] খাদ্যশস্যের মাসিক প্রতিবেদন উদ্ধর্তন দপ্তরে প্রেরণ | [১.৭.১] মাসিক প্রতিবেদন | মজুদ শাখ | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.১] নিজ অফিসের ওয়েব সাইট হালনাগাদ করন | [২.১.১] ওয়েব সাইট হালনাগাদকৃত | আইসিটি শাখা | ওয়েব সাইট হালনাগাদ করণের ০৪টি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন |
| [২.২] সীমার মধ্যে গুদাম ঘাটতি | [২.২.১] গুদাম ঘাটতি | মজুদ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.৩] সীমার মধ্যে পরিবহন ঘাটতি | [২.৩.১] পরিবহন ঘাটতি | মজুদ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [২.৪] কর্মকর্তা/ কর্মচারীগণের PIMS ডাটাবেইজ হালনাগাদকরণ | [২.৪.১] জনবলের তথ্য হালনাগাদকৃত | প্রশাসন শাখা | PIMS হালনাগাদকরণের প্রতিবেদন |
| [৩.১] খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় খাদ্যশস্য বিতরণ | [৩.১.১] বিতরণকৃত পরিমাণ | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.২] ত্রাণমূলক খাতে (টিআর/ কাবিখা/ জিআর/ ভিজিএফ ইত্যাদি) খাদ্যশস্য সরবরাহ | [৩.২.১] সরবরাহকৃত পরিমাণ | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৩.৩] শ্রমবহুল এলাকায় (এলইআই) খাদ্যশস্য বিক্রয় (চা শ্রমিক ও অন্যান্য) | [৩.৩.১] বিক্রিত পরিমাণ | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৪.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় (ইপি) | [৪.১.১] বিতরণকৃত পরিমান | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৪.২] মাসিক বাজার দর প্রতিবেদন উদ্ধর্তন দপ্তরে প্রেরণ | [৪.২.১] বাজার দর প্রতিবেদন | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৪.৩] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি | [৪.৩.১] বিক্রিত পরিমাণ | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |
| [৪.৪] ভিজিডি খাতে খাদ্যশস্য সরবরাহ | [৪.৪.১] সরবরাহকৃত পরিমান | সরবরাহ শাখা | মাসিক/ ত্রৈমাসিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ